দৈনিক সংবাদ

তারিখ ... 14 OCT 1998 ...
পৃঃ ১২ ... কলাম ... ৭ ...

### প্রধানমন্ত্রীর আহ্বান

# শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যেতে হবে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমন জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করার আহ্বান জানিয়েছেন যাতে কাউকে পরীক্ষায় অকৃতকার্য হওয়ার গ্লানি বহন করতে না হয়। বরং তারা যেন দেশের আর্থ-সামাজিক খাতে তাদের যথাযথ অবদান রাখতে পারে।

জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন কমিটির এক বৈঠকে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। প্রধানমন্ত্রীর অফিসে গতকাল মঙ্গলবার এ বৈঠক হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন যে, যারা শিক্ষার মূল স্রোত থেকে ছিটকে পড়েছে তারা যাতে দেশগঠনে তাদের যথাযথ ভূমিকা রাখতে পারে সেজন্য শিক্ষানীতিতে তাদের জন্য কারিগরি ও কর্মমুখী শিক্ষার ব্যবস্থা রাখতে হবে।

শেখ হাসিনা বলেন, স্বাধীন দেশ হিসেবে প্রতিযোগিতামূলক বিশ্বে সময়ের চ্যালেঞ্জ মোকাবিলা করে আমরা যাতে বেঁচে থাকতে পারি সেজন্য আমাদের শিক্ষার মান অবশ্যই আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে যেতে হবে।

কাউন্সিল অফ বাংলাদেশ ইনস্টিটিউট অফ টেকনোলজির ভাইস চেয়ারম্যান ডঃ নজরুল ইসলামের নেতৃত্বে ছয় সদস্যের বাস্তবায়ন কমিটি মঙ্গলবার প্রধানমন্ত্রীর কাছে তাদের রিপোর্ট পেশ করেন। রিপোর্টে জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন, মূল্যায়ন ও ব্যয়ের ব্যাপারে সুপারিশ করা হয়েছে।

**পলিটেকনিক শিক্ষক সমিতিঃ** বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতির (বিপিটিএ) ৫০ সদস্যের একটি প্রতিনিধিদল মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তার অফিসে দেখা করেন।

প্রধানমন্ত্রী বর্তমান বিশ্বের তীব্র প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে টিকে থাকা এবং আগামী শতাব্দীতে আত্মমর্যাদাশীল জাতি হিসেবে গড়ে তুলতে প্রস্তুতি নিতে নতুন ও আধুনিক প্রযুক্তি উদ্ভাবনের আহ্বান জানিয়েছেন।

বিপিটিএ সভাপতি মোহাম্মদ শাখাওয়াত হোসেন সরকারের বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন। সমিতির সাধারণ সম্পাদক মোহাম্মদ শামসুর রহমান একটি স্মারকলিপি পড়ে শোনান। স্মারকলিপিতে অন্যান্য বিষয়ের মধ্যে বেতন সমস্যা দূর, কোর্স পদ্ধতি প্রবর্তন এবং শূন্য আসনে শিক্ষক নিয়োগের কথা বলা হয়েছে।

প্রধানমন্ত্রী তাদের আশ্বাস দেন যে, ধাপে ধাপে তাদের প্রকৃত দাবিদাওয়া পূরণ করা হবে।

**দান ঃ** আরো সংগঠন ও ব্যক্তি মঙ্গলবার প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ৪১ লাখ ৪ হাজারেরও বেশি টাকা দান করেছেন।

বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওশিকাজু কানেকো গতকাল প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ৫ লাখ ২৮ হাজারেরও বেশি টাকার দুটি চেক হস্তান্তর করেছেন।

জাপানি রাষ্ট্রদূত একটি চেক বাংলাদেশে জাপানি শিল্প ও বণিক সমিতির পক্ষে সাড়ে ৩ লাখ টাকা এবং অন্য চেকটি ঢাকা-জাপান সমিতি ও জাপানিজ উইমেন্স ক্লাবের পক্ষে ১ লাখ ৭৮ হাজার টাকার চেক হস্তান্তর করেন।

**সাক্ষাৎ ঃ** ইসলামি ইরান প্রজাতন্ত্রের ইসলামি পরামর্শক পরিষদের (পার্লামেন্ট) সদস্য সোহেলি জেলোদারজাদেহ এমপি গতকাল প্রধানমন্ত্রীর সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেছেন।